



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd




স্মারক নং বশিবো/পনি/এইচএসসি/২০২১/৩০৯

তারিখঃ ৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
২২ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

নোটিশ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল-এর আওতাভুক্ত উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, এইচ এস সি পরীক্ষা ২০২১ এর ফর্ম পূরণের কার্যক্রমটি এ বছর কোভিড-১৯ পরিস্থিতিগত কারণে ভিন্ন আঙ্গিকে চলমান রয়েছে যা আপনারা সবাই অবগত আছেন। যেহেতু প্রতিষ্ঠান পর্যায়ে ফর্ম পূরণের কার্যক্রম আগামী ২৫/০৮/২০২১ তারিখ সম্পন্ন হওয়ার কথা এবং শিক্ষার্থী পর্যায়ে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে অর্থ পরিশোধের সর্বশেষ তারিখ ৩০/০৮/২০২১। এক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এবং তার সহকর্মীবৃন্দ শিক্ষার্থীদের সাথে মোবাইলে যোগাযোগ রেখে নির্ধারিত তারিখের মধ্যে যাতে শিক্ষার্থীরা ফর্ম পূরণের কার্যক্রম সম্পন্ন করতে পারে, সে বিষয়ে আপনাদের সহযোগিতা প্রত্যাশা করছি। উল্লেখ্য ৯ (নয়) টি সাধারণ শিক্ষাবোর্ড ১(এক) টি কারিগরি শিক্ষাবোর্ড ও ১ (এক) টি মাদ্রাসা শিক্ষাবোর্ডসহ ১১(এগারো)টি শিক্ষাবোর্ডের ফর্ম পূরণ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে অর্থ পরিশোধের পর ১ (এক)টি মাত্র গেট ওয়ে “সোনালী-ই সেবা” এর মাধ্যমে প্রতিষ্ঠান পর্যায়ে অর্থ ও কেন্দ্র ফি স্বয়ংক্রিয়ভাবে প্রতিষ্ঠানের হিসাবে জমা হবে এবং বোর্ডের অংশ সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডে জমা হবে। সেক্ষেত্রে অধিকাংশ শিক্ষার্থী যদি শেষের ২/১ দিনের অপেক্ষায় থাকে তাহলে যথা সময়ে সার্ভারের সক্ষমতার কারণে ফর্ম পূরণে বিঘ্ন ঘটতে পারে। বিষয়টি শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য কোভিড-১৯ পরিস্থিতিগত কারণে শিক্ষার্থীদের নিকট থেকে প্রতিষ্ঠানের অর্থ ধার্য করার ক্ষেত্রে নিম্ন ও প্রান্তিক আয়ের অভিভাবকের সন্তানদের প্রতি মানবিক হওয়ার জন্য পূর্বের ন্যায় পুনরায় অনুরোধ করা হলো।



প্রফেসর মোহাম্মদ ইউনুস (৬৯৪৭)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪৪৬৫

মুঠোঃ ০১৭১১-৫৪৬৯৫৩

ই-মেইল barishalboard@gmail.com

chairmanbboard@gmail.com